ইত্তেফাক

তারিখ ... ২৮·২৮৫ ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

019

# ১ম শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রদের ৫ ভাগের ৫ম শ্রেণী অতিক্রম

কালিয়াকৈর (ঢাকা), ২৭শে ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা) —কালিয়াকৈর উপজেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রথম শ্রেণীতে ভর্তি হওয়ার পর ৯ হাজার ছাত্র-ছাত্রীর মধ্যে শতকরা মাত্র পাঁচ ভাগ ছাত্র-ছাত্রী বিভিন্ন শ্রেণী অতিক্রম করিয়া ৫ম শ্রেণীর পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিয়াছে। গত মাসে কালিয়াকৈর উপজেলায় সরকারী উদ্যোগে এই প্রথম বারের মত গৃহীত এক প্রাইমারী সার্টিফিকেট পরীক্ষায় এই তথ্য পাওয়া যায়।

ইহাতে দেখা যায়, প্রথম শ্রেণীতে ভর্তি হওয়া নয় হাজার ছাত্রছাত্রীর মধ্যে ৫ম শ্রেণী শেষে মাত্র ৮ শত ছাত্রছাত্রী সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করে। বাকী ৮ হাজার ২ শত ছাত্রছাত্রীই পাঁচ বৎসরের মধ্যে লেখাপড়া ছাড়িয়া দিয়াছে। শিক্ষা বিভাগের জরিপ অনুযায়ী প্রথম শ্রেণীতে ভর্তি হওয়ার পর নয় হাজার ছাত্র-ছাত্রীর মধ্যে ১ম শ্রেণী শেষে ৫৪০ জন, ২য় শ্রেণীতে ১ হাজার ৪২০ জন, ৩য় শ্রেণীতে ১ হাজার ৫১০ জন, ৪র্থ শ্রেণীতে ২ হাজার ২০ জন এবং ৫ম শ্রেণীতে ২ হাজার ৭২০ জন ছাত্রছাত্রী পড়াশুনা ত্যাগ করে। ইহাদের মধ্যে শতকরা ৯০ জনই আর্থিক কারণে লেখাপড়া বাদ দেয়। লেখাপড়া ছাড়িয়া তাহারা কৃষি ও অন্যান্য কাজে পিতার সহিত যোগ দিয়াছে। বাকী ১০ জন ছাত্র-ছাত্রীর পড়াশুনার প্রতি আগ্রহ না থাকার কারণে তাহারা স্কুল ত্যাগ করে। অবশিষ্টদের মধ্যে ৪ শত ৬০ জন ৫ম শ্রেণীর সরকারী পরীক্ষায় উত্তীর্ণ হয়। কালিয়াকৈর উপজেলা নির্বাহী অফিসার জানান, ভবিষ্যতে স্কুল ত্যাগকারী ছাত্রছাত্রীর সংখ্যা কমাইয়া আনার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।